রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/০৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **৪৯ (মুঃ ও প্রঃ)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২০ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

**অধ্যাদেশ নং ৪৯, ২০২৫**

**উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত**

**অধ্যাদেশ**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই অধ্যাদেশ উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য : টাকা ৪.০০

২। **১৯৯৮ সনের ২৪ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (ড) এ দুইবার উল্লিখিত "মহিলা" শব্দটির পরিবর্তে "নারী" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ডড) বিলুপ্ত হইবে;

(গ) দফা (ঢ) এর প্রান্তস্থিত ";" সেমিকোলন চিহ্নটির পরিবর্তে "।" দাঁড়ি চিহ্নটি প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) দফা (ণ) বিলুপ্ত হইবে।

৩। **১৯৯৮ সনের ২৪ নং আইনের ধারা ১৬ক এর বিলুপ্তি।**—উক্ত আইন এর ধারা ১৬ক বিলুপ্ত হইবে।

৪। **১৯৯৮ সনের ২৪ নং আইনের ধারা ২০ এর সংশোধন।**—উক্ত আইন এর ধারা ২০ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "মহিলা" শব্দটির পরিবর্তে "নারী" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এ তিনবার উল্লিখিত "মহিলা" শব্দটির পরিবর্তে "নারী" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-ধারা (২) এর দফা (গগ) বিলুপ্ত হইবে।

৫। **১৯৯৮ সনের ২৪ নং আইনের বিভিন্ন ধারার উপান্তটীকা ও বিধানের সংশোধন।**—উক্ত আইন এর—

(ক) ধারা ৬ এ উল্লিখিত "মহিলাদের" ও "মহিলাকে" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "নারীদের" ও "নারীকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ধারা ১২, ১৩খ, ১৪ ও ২১ এর উপান্তটীকায় উল্লিখিত "মহিলা" শব্দের পরিবর্তে "নারী" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) ধারা ৬, ৯, ১২, ১৩, ১৩ক, ১৩খ, ১৩গ, ১৩ঘ, ১৪, ১৬, ১৭, ২০, ২১, ২৯ ও ৬৩ এ এক বা একাধিকবার উল্লিখিত "মহিলা" শব্দের পরিবর্তে "নারী" শব্দ প্রতিস্থাপিত হইবে।

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

**ড. হাফিজ আহমেদ চৌধুরী**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd